

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, পাবনা
(জুডিসিয়াল মুসিখানা শাখা)
www.pabna.gov.bd

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সাবিনা, পাবনা।
সফট নং:
 অফিস সহকারী-
 পোপনারী সহকারী-
 স্ট্যান্ড টাইপিং
 অফিস সহকারী-
 সার্টিফিকেট সহকারী-
১৯/১০/১৮
৭/১৮

“গণ বিজ্ঞপ্তি”

এতদ্বারা পাবনা জেলার সকল আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যে সকল বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণ এখনও তাদের আগ্নেয়াস্ত্রের লাইসেন্সসমূহ ২০১৫ সালের জন্য নবায়ন করেননি তাদের লাইসেন্সসমূহ নবায়নের সময়সীমা আগামী ০১.০১.১৫ তারিখ হতে ৩১.০১.১৫ তারিখ পর্যন্ত ০১(এক) মাসের জন্য বর্ধিত করা হলো। সকল বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণকে ১৫% ভ্যাটসহ নবায়ন ফি জমা প্রদানপূর্বক নিজ নিজ লাইসেন্স এবং আগ্নেয়াস্ত্রসহ জে.এম শাখা, জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, পাবনায় উপস্থিত হয়ে তাদের লাইসেন্সসমূহ নবায়ন করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের সময়সীমা আর বৃদ্ধি করা হবে না এবং বর্ধিত সময়ের মধ্যে যে সকল লাইসেন্সধারীগণ তাদের নিজ নিজ আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়নে ব্যর্থ হবেন, বিনা নোটিশে তাদের লাইসেন্সসমূহ বাতিল ঘোষণা করা হবে।

আগ্নেয়াস্ত্রের ধরণ	নির্ধারিত নবায়ন ফি	১৫% ভ্যাট
(ক) রাইফেল/বন্দুক/শর্টগান লাইসেন্স নবায়ন ফি	: ১,০০০/- (এক হাজার টাকা মাত্র)	১৫০/- (একশত পঞ্চাশ টাকা মাত্র)
(খ) তরবারী/ড্যাগার/বেয়নেট লাইসেন্স নবায়ন ফি	: ৪০০/- (চারশত টাকা মাত্র)	৬০/- (ষাট টাকা মাত্র)
(গ) পিস্তল/রিভলবার লাইসেন্স নবায়ন ফি	: ৩,০০০/- (তিন হাজার টাকা মাত্র)	৪৫০/- (চারশত পঞ্চাশ টাকা মাত্র)

লাইসেন্স নবায়ন ফি জমা দেয়ার কোড নম্বর :	১	২	২	১	১	০	০	০	০	১	৮	৫	৯
১৫% ভ্যাট জমা দেয়ার কোড নম্বর	:	১	১	৩	৩	০	০	২	০	০	৩	১	১

স্বাক্ষরিত/-

(মুসী মোঃ মনিরুজ্জামান)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
পাবনা
ফোনঃ ০৭৩১-৬৫৭৪১
জেলা ম্যাজিস্ট্রেট, পাবনা'র পক্ষে

স্মারক নং- ০৫.৪৩.৭৬০০.০৩২.০০১.১৪- ২০৭৭

তারিখ : ১৭ পৌষ ১৪২১
৩১ ডিসেম্বর ২০১৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ০২। পুলিশ সুপার, পাবনা
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), পাবনা। তাঁকে তাঁর অধিক্ষেত্রের আওতাধীন এলাকায় ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিতকরণ ও প্রচার কার্যক্রম সার্বিকভাবে মনিটরিং করার অনুরোধসহ
- ০৪। ম্যানেজার, সোনালী ব্যাংক, পাবনা শাখা, পাবনা
- ০৫। জেলা তথ্য অফিসার, পাবনা। তাঁকে গণ বিজ্ঞপ্তি টি সমগ্র পাবনা জেলায় মাইকযোগে ব্যাপক প্রচারের অনুরোধসহ
- ০৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, (সকল), পাবনা। তাঁকে গণ বিজ্ঞপ্তি টি মাইকযোগে ও গ্রাম পুলিশ এর মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ
- ০৭। সভাপতি, পাবনা প্রেস ক্লাব, পাবনা। তাঁকে গণ বিজ্ঞপ্তি টি স্থানীয় সকল পত্রিকায় প্রকাশের অনুরোধসহ
- ০৮। জনাব , আগ্নেয়াস্ত্র ক্রয়-বিক্রয় ডিলার, পাবনা
- ০৯। সহকারী কমিশনার (গোপনীয়), বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, পাবনা মহোদয়ের সদয় অবগতির জন্য

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
পাবনা

জেলা ম্যাজিস্ট্রেট, পাবনা'র পক্ষে

৩১/১২/১৪